

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তারাকান্দা, ময়মনসিংহ

www.tarakanda.mymensingh.gov.bd

স্মারক নং: ০৫.৪৫.৬১৮৮.০০০.৫৫.০০৪.২১-৩২৫

তারিখ: ১০/০২/২০২৫ খ্রি.


“নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০২/০২/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে “ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলার সোয়াই নদী পুনঃখনন এবং নদীতীর সংরক্ষণ” শীর্ষক প্রকল্পের আওতায় সোয়াই নদীর উত্তোলিত মাটি উন্মুক্ত নিলামের উদ্দেশ্যে অনুমোদিত কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন করে বিক্রয়যোগ্য মাটির পরিমাণ নির্ধারণ করা হয়েছে। মাটি সংরক্ষিত স্থান-বিসকা ইউনিয়নের খিচা, মাধবপুর, গজহরপুর, কাশিগঞ্জ, নগুয়া, চান্দপুর, কাগচর, বাতিকুড়া মৌজার সোয়াই নদীর তীরবর্তী স্থান।

এমতাবস্থায়, আগামী ১৭/০২/২০২৫ খ্রি. তারিখ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় তারাকান্দা উপজেলা পরিষদ কমপ্লেক্স এ নিলাম কমিটির উপস্থিতিতে উত্তোলিত মাটি উন্মুক্ত/প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। মাটি ক্রয়ে আগ্রহী ব্যক্তিগণ মাটির স্থান পরিদর্শনপূর্বক যথাসময়ে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- ০১। নিলাম ডাকে অংশগ্রহণকারীকে ডাকে অংশগ্রহণের ১ ঘন্টা পূর্বে জামানত হিসেবে ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা (ফেরতযোগ্য) জমা প্রদান করতে হবে।
- ০২। নিলাম ডাককারী উপস্থিত থেকে ডাকে অংশগ্রহণ না করলে তার জামানত বাজেয়াপ্ত হিসেবে গণ্য হবে।
- ০৩। সর্বোচ্চ ডাককারীর অনুকূলে নিলাম ডাক গ্রহণ করা হবে এবং তাকে নিলাম ডাক শেষ হওয়ার ০২ (দুই) কর্মদিবসের মধ্যে অর্থ পরিশোধ করতে হবে।
- ০৪। অনুমোদিত ডাককারীর প্রস্তাবিত ডাকের উপর সরকার কর্তৃক আরোপিত ১০% আয়কর ও ১৫% ভ্যাট (ডাকে উল্লিখিত দরের অতিরিক্ত) প্রদান করতে হবে।
- ০৫। নিলাম গ্রহীতাকে নিলাম সমাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিজ দায়িত্বে নিলামকৃত মাটি অপসারণ করতে হবে। ব্যর্থতায় তার ডাক বাতিল বলে গণ্য হবে।
- ০৬। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন ডাক গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(নাজনীন সুলতানা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক

উপজেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
তারাকান্দা, ময়মনসিংহ

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ময়মনসিংহ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ (নিলাম কমিটির সদস্য হিসেবে নিলামের সময় উপস্থিত থাকার অনুরোধ করা হলো)।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ, ময়মনসিংহ (নিলাম কমিটির সদস্য হিসেবে নিলামের সময় উপস্থিত থাকার অনুরোধ করা হলো)।
- ০৬। উপজেলা কৃষি কর্মকর্তা, তারাকান্দা, ময়মনসিংহ (নিলাম কমিটির সদস্য হিসেবে নিলামের সময় উপস্থিত থাকার অনুরোধ করা হলো)।
- ০৭। অফিসার ইনচার্জ, তারাকান্দা থানা, তারাকান্দা, ময়মনসিংহ (নির্ধারিত তারিখ ও সময়ে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স প্রদানের অনুরোধসহ)।
- ০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তারাকান্দা, ময়মনসিংহ (নিলাম কমিটির সদস্য হিসেবে নিলামের সময় উপস্থিত থাকার অনুরোধ করা হলো)।
- ০৯। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ (বিজ্ঞপ্তি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। সহকারী প্রোগ্রামার, তারাকান্দা ময়মনসিংহ (বিজ্ঞপ্তি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা, বিষকা ইউনিয়ন ভূমি অফিস, তারাকান্দা, ময়মনসিংহ (তাকে নিলাম ডাকের বিজ্ঞপ্তি চোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারপূর্বক নিলাম ডাকের পূর্বে এ কার্যালয়কে অবহিতকরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ে নিলাম স্থলে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো)।
- ১২।
- ১৩। নোটিশ বোর্ড।

১০/০২/২০২৫

সৈয়দা তামান্না হোরায়রা
সহকারী কমিশনার (ভূমি)

ও

সদস্য সচিব

উপজেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
তারাকান্দা, ময়মনসিংহ